

## 💵 রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের] গৃহে একদিন

বিভাগ/অধ্যায়ঃ বিষয়সূচী এবং বিস্তারিত রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

মানুষের সাথে উত্তম ব্যবহার করা

আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন:

«كان النبي \_ صلى الله عليه وسلم \_ إذا بلغه عن الرجل الشيء لم يقل: ما بال فلان يقول؟ ولكن يقول: ما بال أقوام كذا وكذا؟».

কোন ব্যক্তি সম্পর্কে কোন প্রকার ক্রটির সংবাদ পৌঁছলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নাম উল্লেখ করে বলতেন না যে অমুকের কি হয়েছে? বরং তিনি এভাবে বলতেন: লোকদের কি হল যে, তারা এমন এমন কথা বলে?।[1]

আনাস বিন মালেক রাদিয়াল্লাহু আনহু বলেন: একদা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এক ব্যক্তি এমন অবস্থায় প্রবেশ করল, যখন তার উপর হলুদ রং পরিলক্ষিত হচ্ছিল, আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অপছন্দ করেন,এমন কিছু নিয়ে কম লোকই তাঁর নিকট আসত। সে লোকটি যখন তাঁর নিকট থেকে বাহির হয়ে গেল, তখন তিনি বললেন:

«لو أمرتم هذا أن يغسل ذا عنه»

[তোমরা যদি এ ব্যক্তিকে তা ধৌত করতে বলতে, তবে ভাল হতো।[2

ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেন: -

«ألا أخبركم بمن يحرم على النار، أو بمن تحرم عليه النار؟ ترحم على كل قريب هين لين سهل».
আমি কি তোমাদেরকে এমন ব্যক্তি সম্পর্কে সংবাদ দিব না? যে ব্যক্তি জাহান্নামের জন্য হারাম আর জাহান্নাম তার
[জন্য হারাম। প্রত্যেক ঐ ব্যক্তির জন্যই জাহান্নাম হারাম যে নিকটবর্তী, সহজ সরল ও নরম প্রবৃত্তির।[3

## ফুটনোট

- [1] আবু দাউদ: হাদিস: ৪৭৮৮
- [2] আবু দাউদ, হাদিস: ৪৭৮৯



[3] আহমদ, হাদিস: ৩৯৩৮

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8396

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন